



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, পরিবীক্ষণ ও প্রমাণিত সংরক্ষণ’ এবং ‘ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন’ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা ২০২২-২৩ এর উদ্বোধন



আজ (২৮ মার্চ ২০২৩-মঙ্গলবার) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, পরিবীক্ষণ ও প্রমাণিত সংরক্ষণ’ এবং ‘ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন’ বিষয়ক দুইটি প্রশিক্ষণ কর্মশালা ২০২২-২৩ এর শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

এপিএ কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সদস্য সচিব রেজিস্ট্রার প্রকৌশলী মো: ওহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং ইউজিসি’র সচিব ড. ফেরদৌস জামান।



অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এপিএ কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফোকাল পয়েন্ট মোহাম্মদ এমেল হক মোল্লা।
উদ্বোধনী অনুষ্ঠান শেষে ১ম পর্বে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, পরিবীক্ষণ ও প্রমাণিত সংরক্ষণ' শীর্ষক প্রশিক্ষণ প্রদান করেন ইউজিসি'র উপ-পরিচালক জনাব মো: গোলাম দস্তগীর।
প্রশিক্ষণ কর্মশালায় প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, পরিচালক (অর্থ ও বাজেট) ড. কাজী নাসির উদ্দীন, বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট, অনুষদ, বিভাগ ও দপ্তরের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।